গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক)
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ওপরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১. **প্রকল্পের নাম : কক্সবাজার বিমান বন্দর উন্নয়ন (১ম পর্যায়) (৩য় সংশোধিত)।**

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)

৪. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে): কক্সবাজার সদর উপজেলা।

বিভাগ		জেলা		উপজেলা		সিটিকর্পোরেশন/পৌরসভা		সমগ্র বাংলাদেশ	
মূল	সংশোধিত	মূল	সংশোধিত	মূল	সংশোধিত	মূল	সংশোধিত	মূল	সংশোধিত
চট্টগ্রাম		কক্সবাজার		সদর		-		-	

৫. **(ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:**

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত ব্যয় (মূল বাস্তবায়ন কালের %)
	মোট	জিওবি	প্র:সা	অন্যান্য				
মূল	৩০২৬৫.০০	১৫১৩২.৫০			অক্টো, ০৯ হতে জুন,২০১২	২৯/১০/০৯		
সংশোধিত (১ম) প্রযোজ্য	৫৪৯৬৪.২১	২৭৪৮২.১০			অক্টো, ০৯ হতে জুন,২০১৩	১০/০৪/১২	২৪৬৯৯.২১ (৮১.৬১%)	
সংশোধিত (২য়) প্রযোজ্য	১১৯৩৩২.৪০	৮০১৬৬.২০	৩৯১৬৬.২০		অক্টো, ০৯ হতে জুন,২০১৮	১৯/০১/১৬	৮৯০৬৭.৪০ (২৯৪.২৯%)	
সংশোধিত (৩য়) প্রযোজ্য	২০১৫৬৪.৬২	১৫৯৩৬৯.৭৮	৪২১৯৪.৮৪	-	অক্টো, ০৯ হতে জুন,২০২০	০২/১০/১৮	১৭১২৯৯.৬২ (৫৬৬%)	+৮ বছর (২৬৬%)

৬। প্রকল্পের পটভূমি:

কক্সবাজার সমুদ্র সৈকতের পাশে সামরিক প্রয়োজনে ২য় বিশ্বযুদ্ধের সময় কক্সবাজার বিমান বন্দর নির্মাণ করা হয়। দেশ স্বাধীন হওয়ার পর থেকে এটি বেসামরিক প্রয়োজনে ব্যবহৃত হচ্ছে। বর্তমানে কার্গো ও প্যাসেঞ্জার পরিবহণের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ অভ্যন্তরীণ বিমানবন্দর। বিশ্বের সবচেয়ে দীর্ঘতম সমুদ্র সৈকত কক্সবাজার জেলায় অবস্থিত বিধায় কক্সবাজার সমুদ্র সৈকত অভ্যন্তরীণ পর্যটকদের আকৃষ্ট করা ছাড়াও বর্তমানে বিশ্বের সকল দেশের পর্যটকদের আকৃষ্ট করতে সমর্থ হয়েছে। সে প্রেক্ষিতে কক্সবাজার বিমানবন্দরের উন্নয়নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয় ।

৭। প্রকল্পের উদ্দেশ্য:

ক) কক্সবাজার বিমান বন্দরে সুপরিসর বিমান উড্ডয়ন-অবতরণের জন্য অপারেশনাল সুবিধা বৃদ্ধি করা;
খ) দেশের পর্যটন শিল্পের বিকাশে সহায়তা;
গ) আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা উন্নতকরণ;
ঘ) দুর্যোগকালীন সময়ে উপকূলীয় অঞ্চলের সাথে দ্রুততম সময়ে রাজধানী ঢাকার যোগাযোগ স্থাপন করা।

৮। প্রকল্পের মূল কার্যক্রম

- ভুমি অধিগ্রহণ ৩০০.২৩ হেক্টর;
- ভূমি উন্নয়ন ১৯,৯৬,৬৭০ ঘন মিটার;
- ব্রীজ নির্মাণ ৫৯৫ মিটার(এলজিইডি কর্তৃক বাস্তবায়ন)
- স্লোপ প্রোটেকশন বাঁধ নির্মাণ ৪.৭৭৪ কি: মি: (বিডব্লিউডিবি কর্তৃক বাস্তবায়ন)
- বিদ্যমান রানওয়ে সম্প্রসারণ, প্রশস্তকরণ ও রানওয়ের শক্তি বৃদ্ধিকরণ (২,১৯,১১৯ ব: মি:);
- বিদ্যমান গ্রাউন্ড ট্রিটমেন্ট ও রক্ষাপ্রদ বাধেঁর কাজ ৬১,৪৬৫ বঃ মিঃ;
- পাওয়ার হাউজ ও কনস্ট্রাক্ট কারেন্ট রেগুলেশন (সিসিআর) ৫১৭ বর্গমিটার;
- সীমানা প্রাচীর ও নিরাপত্তা ফেন্সিং ১০,৮৭০ রানিং মিটার;
- এয়ারফিল্ড গ্রাউন্ড লাইটিং, পানি সরবরাহসহ অন্যান্য কাজ;
- ২টি জীপ, ১টি পিকআপ, ৩টি মটরসাইকেল সংগ্রহ;
- পরামর্শক সেবা (বৈদেশিক ১৫৪ জন মাস এবং স্থানীয় ১১৫৪ জনমাস)

৮। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি:

প্রাপ্ত তথ্য অনুসারে, মে, ২০১৯ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৮৩৫৯৪.১৩ লক্ষ টাকা যা প্রকল্পের ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৪১.৪৭%।

খ) পরামর্শকপ্রতিষ্ঠানের কার্যপরিধিTOR

১০.০ <u>পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ</u>

- প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;
- প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অংগভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি-না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

- প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত BOQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ;

- প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমনঃ এডিপি/আরএডিপি বরাদ্দ, অর্থ ছাড়, অর্থায়নে বিলম্ব, বিল পরিশোধ, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, জমি অধিগ্রহণে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যোলোচনা;
- ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও আর্থিক চাহিদার যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা সুনির্দিষ্টভাবে চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

- প্রকল্পের ঝুঁকি অর্থাৎ ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং ভবিষ্যতে একই ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit Plan) করার লক্ষ্যে মতামত প্রদান;
- প্রকল্পের যানবাহন, মেশিনারিজ ও যন্ত্রপাতি, অফিস যন্ত্রপাতি, আসবাবপত্র সংগ্রহ ও ব্যবহারের তথ্যাদি সংগ্রহ;
- উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশসহ প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন ও ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক অনুমোদন গ্রহণ;
- স্থানীয় পর্যায়ে একটি ও জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে সমীক্ষা কাজের পর্যবেক্ষ ণ (Findings) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত/সুপারিশসমূহ বিবেচনা করে সমীক্ষা প্রতিবেদনটি চূড়ান্তকরণ; এবং
- ক্রয়কারী সংস্থা (আইএমইডি)-এর সাথে সময়ে সময়ে আলোচনা ও পরামর্শক্রমে আরোপিত অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন।

১১.০ পরামর্শক প্রতিষ্ঠানের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	ফার্ম	-	গবেষণা এবং প্রকল্পের বাস্তবায়ন ও নিবিড় পরিবীক্ষণ সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা।
২)	ক) টিম লিডার-	সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	ক) সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা। খ) টীম লিডার হিসেবে প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। গ) সরকারী ক্রয় কার্যক্রম সম্পর্কিত অভিজ্ঞতা। ঘ) কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	ক) সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। খ) পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা।

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ সমাজকর্ম বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী	ক) সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। খ) পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা।
	ঘ)পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	ক) তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা। খ) সার্ভে, ডাটা ম্যানেজমেন্ট, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা।

১২.০ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্রমিক	প্রতিবেদনের নাম ও সংখ্যা	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি এবং (ডেসিমিনেশন কর্মশালা ১৩০ কপি)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে) (বাংলা ৪০ + ইংরেজী ২০) কপি	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Unicode Based Font হতে হবে।

১৩.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পরিদর্শন প্রতিবেদন); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।